ভয়

কে যেন আমাকে ডাকে, সারারাত বিনিদ্র চেতন---
পেঁচার ঝগড়া শুনি, পাহারার তীব্র হুইসেল,
ডাকাতে -- কালীর পায়ে নরবলি আয়োজনে কারা !
অন্ধকারে ভয় করে, পথে ঘোরে একচক্ষু মোষ,
চাদর জড়িয়ে শুই কাঠ হয়ে বিছানা আঁকড়ে
কে যেন আমাকে ডাকে ফ্যাঁসফেসে ভুতুড়ে গলায়।
ভ্রমণে বাহির হয়ে মা - হরিণ ব্রিজ পার হতে
পা ফসকে পড়ে গেল খরস্রোত নদীর অতলে
আমিও কি টুপ করে পড়ে যাব গহন কুয়োয়!
পাগলের হাসি কেন এত পারে, দমবন্ধ ঘড়ি,
কী রঙ্গে পেরিয়ে যাব গোরস্থান, হাওয়া দিচ্ছে কেন!
অকালে চাঁপার গন্ধ কুলক্ষণ, শীতের কামড়,
চোখ বুজে টের পাচ্ছি জানালার গরাদে ঘনিষ্ঠ
কঙ্কাল দাঁড়িয়ে আছে -- গলে যাচ্ছে হাতে আঙ্গুল।

রমা ঘোষ


Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com